

৬ষ্ঠ দোহা আন্তর্জাতিক সমুদ্র মহড়া ও প্রদর্শনীতে অংশ নিতে তিন দিনের সরকারী সফরে নৌ প্রধানের কাতার গমন

৬ষ্ঠ দোহা আন্তর্জাতিক সমুদ্র মহড়া ও প্রদর্শনী ‘DIMDEX-2018’ (Doha International Maritime Defence Exhibition and Conference-2018) এ অংশ নিতে তিন দিনের সরকারী সফরে নৌবাহিনী প্রধান এডমিরাল নিজামউদ্দিন আহমেদ রবিবার (১১-০৩-২০১৮) কাতারের উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করেন। এসময় হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরে সহকারী নৌবাহিনী প্রধান (অপারেশন্স) এবং নৌ প্রশাসনিক কর্তৃপক্ষ ঢাকা আনুষ্ঠানিকভাবে নৌপ্রধানকে বিদায় জানান।

নৌপ্রধান ১২ হতে ১৪ মার্চ কাতারে অনুষ্ঠিত উক্ত সমুদ্র মহড়া ও প্রদর্শনী উপলক্ষে আয়োজিত মিডল ইস্ট নেভাল কমান্ডারস্ কনফারেন্সসহ বিভিন্ন কর্মসূচীতে অংশগ্রহণ করবেন। সেখানে অবস্থানকালে তিনি কাতার নেভাল ফোর্সের প্রধান মেজর জেনারেল মোহাম্মদ নাসের আল মোহান্নাদি (Maj Gen Mohammed Nasser Al Mohannadi) এবং ইতালীর নৌবাহিনী প্রধান এডমিরাল ভাল্টার জিরারদেল্লী (Admiral Valter Girardelli) এর সাথে সৌজন্য সাক্ষাৎ করবেন এবং দ্বিপাক্ষিক সামরিক স্বার্থ সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে আলোচনা করবেন।

এছাড়া, নৌপ্রধান উক্ত আন্তর্জাতিক মহড়ায় অংশগ্রহণকারী বাংলাদেশ নৌবাহিনী জাহাজ ‘বঙ্গবন্ধু’ এবং বিভিন্ন দেশের নৌবাহিনী জাহাজ পরিদর্শন করবেন। উক্ত সফরের মধ্য দিয়ে কাতারসহ মহড়ায় অংশগ্রহণকারী অন্যান্য দেশের সাথে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক আরও জোড়দার হবে বলে আশা করা যায়। নৌবাহিনী প্রধানের সফরসঙ্গী হিসেবে তিনজন কর্মকর্তা রয়েছেন। সফর শেষে নৌপ্রধান আগামী ১৫ ফেব্রুয়ারি ২০১৮ তারিখে দেশে ফিরবেন বলে আশা করা যাচ্ছে।